



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

----

----

২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ:

১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১৭৮৭

**বিষয়:** মোংলা বন্দরে আগতব্য MV JIA RUN জাহাজ হতে সড়ক ও নৌপথে মোট ২০২৮৪ (+/-) মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-৮১)  
সূত্র: চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা ০৮-০৮-২০২৪ খ্রি. এর ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২৩.১৩৪৯ নং স্মারক (সংশোধিত এবং একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগদে ক্রয়কৃত চুক্তি নং-১৩.০১.০১.০০০০.০৯৩.৪৬.০১১.১৪.৯৪; তারিখ : ০৬-০৩-২০২৪ খ্রি. এর বিপরীতে লাটভিয়া (অরিজিন রাশিয়া) হতে ২০২৮৪ মে.টন ঢালা গম নিয়ে MV. JIA RUN নামীয় একখানা জাহাজ আগামী ১৫-০৪-২০২৪ খ্রি. তারিখে মোংলা বন্দরে আগমন করবে। আগত জাহাজের গম বার্জ/কার্গোতে খালাস করে দেশের বিভিন্ন কেন্দ্রের প্রেরণের লক্ষ্যে চলাচল সূচি জারির জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূচিস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

তৎপ্রেক্ষিতে মোংলা বন্দরে আগতব্য MV. JIA RUN জাহাজের গম দুটি খালাসের লক্ষ্যে সাশ্রয়ী রুটে খুলনা ও বরিশাল বিভাগের স্থাপনাসমূহে খালি জায়গা বিবেচনায় নির্যোক্তভাবে সড়ক ও নৌপথে মোট ৭২০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচলসূচি নির্যোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য নিয়ন্ত্রণ বর্তিভূত কারণে জারিকৃত চলাচল সূচি সড়ক পথের অংশ প্রাপক কেন্দ্রে পরিবহণ করা সম্ভব না হলে সাশ্রয়ী রুট বিবেচনায় ৪ নং/৭ নং/মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে নিকটস্থ খুলনা সিএসডি/মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলন করা যাবে। তবে সে ক্ষেত্রে অবশ্যই সূচি পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগকে অবহিত করতে হবে কিংবা যৌক্তিক বিশ্লেষণপূর্বক ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব এ দপ্তরে প্রেরণ করতে হবে। উক্ত সূচির ৪ নং/৭ নং/মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে খালাস কার্যক্রম চলমান থাকা অবস্থায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর চাহিদা বিবেচনায় ঘাটসমূহ হতে গম সরাসরি চাহিত কেন্দ্র/কেন্দ্রসমূহে প্রেরণ করা যাবে।

মোংলা বন্দর হতে বরিশাল ও খুলনা বিভাগে গমের চলাচল সূচি

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মোংলা বন্দর (MV. JIA RUN জাহাজ)	-	বরগুনা	বরগুনা এলএসডি	৩০০	বস্তাবন্দি গম	নৌ ও সড়ক পথ	চসমি, খুলনা ব্যয় কর বিবেচনায় উপসূচি জারি করবেন
২.	ঞ্চ	-	বরিশাল	বরিশাল এলএসডি	৩০০	ঞ্চ	ঞ্চ	
৩.	ঞ্চ	৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাট, খুলনা	খুলনা	খুলনা সিএসডি	৩০০০	ঞ্চ	ঞ্চ	
৪.	ঞ্চ	মহেশ্বরপাশা ঘাট, খুলনা	ঞ্চ	মহেশ্বরপাশা সিএসডি	৩৬০০	ঞ্চ	ঞ্চ	
				মোট=	৭২০০			

উক্ত জাহাজের অবশিষ্ট ১৩০৮৪ (+/-) মে.টন ঢালা গম চুক্তি মোতাবেক সরবরাহকারী এবং সংশ্লিষ্ট শিপিং এজেন্ট মোংলা সাইলোতে খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

### **নির্দেশনাসমূহ:**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।


৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্থাপনিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১০। সূচির মেয়াদ আগামী ২৪-০৮-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে। নির্ধারিত মেয়াদের পর গম পরিবহণ অবশিষ্ট থাকলে উক্ত উপসূচি উন্মুক্ত করে আগ্রহী ঠিকাদারের মাধ্যমে পরিবহণ করা হবে।

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৬-০৮-২০২৪

মোঃ নাজমুল হক তুহিয়া  
উপপরিচালক

### **বিতরণ(জ্যোঠার ক্রমানুসারে নয়):**

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা;
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এবং
- ৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা।

২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১৭৮৭/১ (১০)

তারিখ: ১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জাতার্থে/জাতার্থে(জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- পরিচালক (চলতি দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
- সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা সাইলো বাগেরহাট;
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- জেলা খাদ্য নিয়ন্ত্রক .....
- মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ব্যবস্থাপক, ..... সিএসডি এবং
- ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি।



১৬-০৪-২০২৪

মোঃ নাজমুল হক ভুইয়া

উপপরিচালক